গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী
ফোন নং ঃ ০২৪৭-৮১২৫৩২, মোবাইল নং: ০১৩০৯-১২৭০৪৩
web: www.rmscraj.edu.bd/e-mail:mail.rmsc@gmail.com

তারিখ : ১৬/০৯/২০২৫ খ্রি.

# বরেন্দ্র ঐহিত্য প্রদর্শনী-তে অংশগ্রহণ সম্পর্কিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৭/১০/২০২৫ এবং ১৮/১০/২০২৫ তারিখ রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজে সকাল ১০.০০ টা হতে সন্ধ্যা: ৬.০০ পর্যন্ত বরেন্দ্র ঐহিত্য প্রদর্শনী অনুষ্ঠিত হবে (প্রদর্শনীর বিষয়বস্তু: মুদ্রা, ডাকটিকিট ও ঐতিহ্যবাহী বিভিন্ন জিনিসপত্র ও চিত্রাংকন প্রতিযোগিতা) অনুষ্ঠিত হবে। উক্ত প্রদর্শনীতে অংশগ্রহণে আগ্রহী শিক্ষার্থীদেরকে যথাসময়ে রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজে উপস্থিত থাকার জন্য বলা হলো।

16.10.2025

অধ্যক্ষ
রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
রাজশাহী।

# বরেন্দ্র পরিবেশ উন্নয়ন স্বেচ্ছাসেবী সংস্থা

(নিবন্ধন নম্বরঃ রাজশো-১১৮০/২০২২)

নং-রাজ/প্রদর্শনী/২০২৫/১২ তারিখ: ০২/১০/২০২৫

15.10.2025

বরাবর,
প্রধান শিক্ষক
রাজশাহী সরকারী মডেল স্কুল এন্ড কলেজ
রাজশাহী।

**বিষয়ঃ বরেন্দ্র ঐতিহ্য প্রদর্শনী-তে শিক্ষার্থীদের প্রেরণ প্রসঙ্গে।**

জনাব,

বরেন্দ্র পরিবেশ উন্নয়ন স্বেচ্ছাসেবী সংস্থা একটি সরকারি অনুমোদনপ্রাপ্ত, অরাজনৈতিক, অলাভজনক, পরিবেশ ও সমাজকল্যাণমূলক সংগঠন। সংস্থার অনুমোদিত গঠনতন্ত্র অনুযায়ী প্রাকৃতিক পরিবেশ সংরক্ষণ কর্মসূচী বাস্তবায়ন ছাড়াও ডাকটিকিট ও মুদ্রা সংক্রান্ত সংগ্রহ-সংরক্ষণকে উৎসাহিত করা এবং বিভিন্ন সমাজকল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। এই লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে বরেন্দ্র পরিবেশ উন্নয়ন স্বেচ্ছাসেবী সংস্থা আগামী **১৭/১০/২০২৫ ও ১৮/১০/২০২৫** তারিখে **"বরেন্দ্র ঐতিহ্য প্রদর্শনী"** শীর্ষক দুই দিনব্যাপী একটি প্রদর্শনীর আয়োজন করেছে। প্রদর্শনীর বিস্তারিত নিম্নরূপঃ

- **প্রদর্শনীর নামঃ** বরেন্দ্র ঐতিহ্য প্রদর্শনী
- **প্রদর্শনীর বিষয়বস্তুঃ** মুদ্রা, ডাকটিকিট ও ঐতিহ্যবাহী বিভিন্ন জিনিসপত্র এবং চিত্রাংকন প্রতিযোগিতা
- **তারিখঃ** ১৭/১০/২০২৫ ও ১৮/১০/২০২৫ (সকাল ১০.০০টা থেকে সন্ধ্যা ৬.০০টা পর্যন্ত)
- **স্থানঃ** রাজশাহী শিক্ষাবোর্ড সরকারি মডেল স্কুল ও কলেজ
- **সংক্ষিপ্ত সূচী:**

| | | | |
|---|---|---|---|
| **১ম দিন (১০.০০-১৮.০০)** | | | |
| ১০.০০ | : | উদ্বোধন | সম্মানিত জেলা প্রশাসক |
| ১০.০০-১১.০০ | : | উদ্বোধনী অনুষ্ঠান ও বক্তব্য | সম্মানিত অতিথিবৃন্দ |
| ১১.০০-১১.৩০ | : | পরিস্কার-পরিচ্ছন্নতা কর্মসূচী | বিদ্যালয়ের শিশু শিক্ষার্থীবৃন্দ |
| ১১.৩০-১২.৩০ | : | চিত্রাংকন প্রতিযোগিতা | শিশু (৬-১০ বছর) |
| ১২.৩০-১৪.৩০ | : | নামাজের বিরতী ও মধ্যাহ্ন ভোজের বিরতী | |
| ১৬.০০-১৭.০০ | : | জাদু প্রদর্শনী | পরবর্তীতে জানানো হবে |
| **২য় দিন (১০.০০-১৭.০০)** | | | |
| ১১.০০-১২.৩০ | : | মুদ্রা বিষয়ক আলোচনা | সম্মানীত আলোচকবৃন্দ |
| ১৫.০০-১৬.০০ | : | চিত্রাংকন প্রতিযোগিতা | বিশেষ চাহিদাসম্পন্ন শিশু |
| ১৬.০০-১৭.০০ | : | পুরস্কার বিতরণ ও অনুষ্ঠানের সমাপনী ঘোষণা | |

উক্ত প্রদর্শনীতে আপনার শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের প্রেরণের অনুরোধ জানাচ্ছি। শিক্ষার্থীদের উপস্থিতি আমাদের কার্যক্রমে উদ্দেশ্যকে স্বার্থক করবে এবং শিক্ষার্থীদের বিভিন্ন দেশ ও সংস্কৃতি বিষয়ে জ্ঞান বৃদ্ধিতে সহায়ক হবে। এছাড়াও তাঁদের সুস্থ্য মানসিকতা তৈরীতে এবং সমাজকল্যাণে বিশেষ অবদান রাখবে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি। একই সাথে আপনার উপস্থিতি এ অনুষ্ঠানকে আরো বেশি উজ্জীবিত করবে।

ধন্যবাদান্তে,

মোঃ শামসুর রহমান
সাধারণ সম্পাদক
বরেন্দ্র পরিবেশ উন্নয়ন স্বেচ্ছাসেবী সংস্থা,
রাজশাহী।
মোবাইল: ০১৯৯০-৩০৫১৫১